সংবাদ

তারিখ: 12 MAR 2010
পৃষ্ঠা: ৫ কলাম: ৬

### রায়গঞ্জ উপজেলা শিক্ষা অফিস

# বেতনের দাবিতে তালা ঝুলিয়ে দিল ৩০ দপ্তরি

জেলা বার্তা পরিবেশক, সিরাজগঞ্জ

দীর্ঘদিন যাবৎ বেতন ভাতা না পেয়ে উপজেলা শিক্ষা অফিসে গত বৃহস্পতিবার সকালে তালা ঝুলিয়ে দিয়েছে সিরাজগঞ্জের রায়গঞ্জের প্রাথমিক বিদ্যালয়ের নিয়োগ প্রাপ্ত ৩০ জন দপ্তরি। অফিসে তালা ঝুলানোর ফলে শিক্ষা অফিসের সকল কাজকর্ম বন্ধ হয়ে পড়েছে। দাবি আদায় না পর্যন্ত এ আন্দোলন অব্যাহত থাকবে বলে জানিয়েছে আন্দোলনকারীরা। সংগঠনের সভাপতি আমিনুল ইসলাম জানান, এক বছর পুর্বে নিয়োগ পাওয়া এ সমস্ত কর্মচারীরা বেতন ভাতা না পেয়ে মানবেতর জীবনযাপন করছেন। মাসের পর মাস শিক্ষা অফিসে ধরনা দিয়েও কোন লাভ হয়নি। শিক্ষা কর্মকর্তা ইয়াকুব আলী বিষয়টি আমলে না নিয়ে নানা তালবাহানা করে তাদের হয়রানি করে আসছে।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ইয়াকুব আলীর সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।